

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজা সবল হোসেন মাধ্যমিক মিয়া

মাধ্যমিক শিক্ষা উন্নয়নে পাঁচ বছর মেয়াদী প্রকল্প

 ০২ নভেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

ইত্তেফাক রিপোর্ট

দেশের মাধ্যমিক ও কারিগরি স্তরে যুগোপযোগী শিক্ষা বাস্তবায়ন করতে সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট (এসইডিপি) প্রকল্প হাতে নিয়েছে সরকার। পাঁচ বছর মেয়াদে এই প্রকল্পে ১৩ হাজার ৭৬৬ কোটি ৪০ লাখ টাকা ব্যয় হবে। সরকার, বিশ্ববাংক এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সহযোগিতায় এই প্রকল্পের অর্থ যোগান হবে। সংশ্লিষ্টরা বলছেন, এই প্রকল্পের মাধ্যমে দেশের শিক্ষা ব্যবস্থা আরো এক ধাপ এগিয়ে যাবে।

তথ্য অনুযায়ী, তিনটি ধাপে এই প্রকল্পের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। প্রথম ধাপে কারিগরি ও মাধ্যমিক শিক্ষার কারিকুলাম উন্নয়ন ও শ্রমবাজারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণকরণ এবং শিক্ষকদের পোশাগত দক্ষতা বৃদ্ধি, বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান ও আইসিটি বিষয়ে শিখন-শেখানো পদ্ধতির উন্নয়ন করা হবে। এছাড়া পাঠ্যভ্যাস উন্নয়ন, শিক্ষার্থী মূল্যায়ন ব্যবস্থার উন্নয়ন, শিক্ষা কার্যক্রমে আইসিটির ব্যবহার বৃদ্ধি, মাধ্যমিক শিক্ষাকে শ্রমবাজারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণকরণ ইত্যাদি লক্ষ্য অর্জনে বিভিন্ন কার্যক্রম গৃহীত হবে।

দ্বিতীয় ধাপে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অবকাঠামো উন্নয়ন, মাধ্যমিক শিক্ষার সুযোগ, শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধিতে উপবৃত্তি প্রদান, অতিরিক্ত শিক্ষক নিয়োগ এবং সুযোগ বৃদ্ধিত এলাকায় শিক্ষার্থীদের মাধ্যমিক শিক্ষা সম্প্রস্করণ।

তৃতীয় ধাপে শিক্ষা ব্যবস্থাপনাকে বিকেন্দ্রীকরণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থার উন্নয়ন, বিদ্যালয় ব্যবস্থাপনার জবাবদিহি বৃদ্ধিসহ নানা রকম কর্মসূচি রাখা হয়েছে।

গত বুধবার এই প্রকল্পের যাত্রা শুরু হয়। ঢাকায় একটি হোটেলে নতুন এই প্রকল্পের উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী মুর্লি ইসলাম নাহিদ। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমানে শিক্ষা ব্যবস্থায় হেলো-মেয়ের সমতা এসেছে। বরে পড়ার হার কমেছে। বর্তমানে শিক্ষার হার ৭২ দশমিক ৮ শতাংশে পৌঁছে গেছে। এটি বর্তমান সরকারের একটি বড় অর্জন। কর্মসূচী শিক্ষায় শিক্ষিত করতে আমরা কারিগরি শিক্ষাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিয়ে যাচ্ছি।

মন্ত্রী বলেন, এ প্রকল্পে উচ্চ মাধ্যমিক শিক্ষা ও কারিগরি শিক্ষাকে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে। এই দুই স্তরের শিক্ষাকে সম্প্রসারণে নানামূলী কর্মসূচি রয়েছে। এ দুই স্তরের শিক্ষাকে বাস্তব ও যুগোপযোগী করতেই এ প্রকল্প হাতে নেওয়া হয়।

অনুষ্ঠানে বঙ্গব্য দেন কারিগরি ও মাদ্রাসা বিভাগের প্রতিমন্ত্রী কাজী কেরামত আলী, একই বিভাগের সচিব মো. আলমগীর হোসেন, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশ, বিশ্বব্যাংকের দায়িত্বপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর সঞ্জয় প্রিভাসতানয়। সভাপতিত করেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন।

